□□□□□□□□□□ □□□□□□, □□□□□ □□□□□
□□□□□□□□□ □□□□□□□□□□□□□□

Job Category: Teaching/Academics

Job Source: □□□□□ □□□□□

Job Summary

Posted On: 7 Jul 2025

Application Deadline:22 Jul 2025

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম

স্মারক নং: এ-২(৬)/০৩/২০২৫/৭১১০/সাধারণ তারিখ: ০২-০৭-২০২৫

ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ স্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম	বিভাগ/ইনস্টিটিউট /হল/দপ্তর	পদের সংখ্যা	বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫ অনুযায়ী)
১	উচ্চমান সহকারী	ইঞ্জিনিয়ারিং অনুষদ	০১ টি (স্থায়ী)	৳ ১১,০০০-২৬,৫৯০/-
২	বাস ড্রাইভার	পরিবহন দপ্তর	০২ টি (স্থায়ী)	৳ ৯,৭০০-২৩,৪৯০/-
৩	ড্রাইভার	পরিবহন দপ্তর	০৩ টি (স্থায়ী)	৳ ৯,৩০০-২২,৪৯০/-
৪	ড্রাইভার	চিকিৎসা কেন্দ্র	০১ টি (স্থায়ী)	৳ ৯,৩০০-২২,৪৯০/-
৫	গ্রাউন্ডসম্যান	শারীরিক শিক্ষা বিভাগ	০১ টি (স্থায়ী)	৳ ৯,৩০০-২২,৪৯০/-
৬	গ্রন্থাগার সহকারী গ্রেড-২	ফার্মেসী বিভাগ	০১ টি (স্থায়ী)	৳ ৯,৩০০-২২,৪৯০/-
৭	গ্রন্থাগার সহকারী গ্রেড-২	দর্শন বিভাগ	০১ টি (স্থায়ী)	৳ ৯,৩০০-২২,৪৯০/-
৮	প্রুফ রিডার গ্রেড-২	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস	০১ টি (স্থায়ী)	৳ ৯,৩০০-২২,৪৯০/-
৯	কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী	ওশানোগ্রাফি বিভাগ	০১ টি (স্থায়ী)	৳ ৯,৩০০-২২,৪৯০/-
১০	কম্পিউটার ল্যাব সহকারী	রাজনীতি বিজ্ঞান বিভাগ	০১ টি (স্থায়ী)	৳ ৯,৩০০-২২,৪৯০/-

পদসমূহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও আবেদনের শর্তাদি:

ক্রমিক-১ নং পদের জন্য প্রার্থীকে গ্র্যাজুয়েট/সমমান হতে হবে এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-২ নং পদের জন্য প্রার্থীগণকে কমপক্ষে ৮ম শ্রেণি পাশ এবং ভারী গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীগণকে ভারী গাড়ি চালানোর কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ক্রমিক-৩ ও ৪ নং পদের জন্য প্রার্থীগণকে কমপক্ষে ৮ম শ্রেণি পাশ এবং ভারী/হালকা গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীগণকে ভারী/হালকা গাড়ি চালানোর কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ক্রমিক-৫ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। প্রার্থীকে মাঠের কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা (মাঠ পরিস্কার, মাঠের ঘাস কাটা, মাঠ পরিচর্যা ইত্যাদি) থাকতে হবে।

ক্রমিক-৬ ও ৭ নং পদের জন্য প্রার্থীগণকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। অফিসের কাজে ০১ (এক) বছরের অভিজ্ঞতা অথবা গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৮ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমান হতে হবে এবং বাংলা ও ইংরেজি ভাষা জ্ঞানের দক্ষতাসহ কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা স্বনামধন্য প্রিন্টিং প্রেসে প্রুফ রিডিং এর কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৯ নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে।

ক্রমিক-১০ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হতে কম্পিউটার হার্ডওয়্যার, সফট্ওয়্যার ও নেটওয়ার্কিং বিষয়ে কমপক্ষে ০৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

*** মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্তানুসারে কোটা নির্ধারিত থাকবে।**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর অথবা চবি ওয়েবসাইট (www.cu.ac.bd) হতে ০১ (এক) কপি নমুনা ফরম সংগ্রহপূর্বক আগামী ২২-০৭-২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০ টা হতে দুপুর ৩:৩০ টা) বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬ (ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১ (এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না। **কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌছানো ঝুঁকিপূর্ণ বলে সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো ।**

মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি.) গ্রহণ করা হবে না । অগ্রণী ব্যাংকের যেকোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম'র ঠিকানায় প্রদেয় দরখাস্তের ফি বাবদ ৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার প্রশিক্ষণ সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ/জাতীয়তা সনদের সত্যায়িত ছায়ালিপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোন অর্জিত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকুরি জীবনে কোন পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

কোন বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা' অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না।

চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

2.7.2025

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম

নং-৪৪/০৭